দৈনিক ইত্তেফাক

49

তারিখ ... ... MAR. 07 2000
পৃষ্ঠা ৪ ... কলাম ... ২

## ধর্মীয় শিক্ষক নিয়োগ প্রসঙ্গে

সরকারী উচ্চ বিদ্যালয়গুলিতে ১৯৭৪, ১৯৭৬, ১৯৮৪, ১৯৮৭, ১৯৯১, ১৯৯২, ১৯৯৪, ১৯৯৬, ১৯৯৭ এবং ১৯৯৯ সর্ব মোট দশ দফায় ইসলাম ধর্মের শিক্ষক নিয়োগ করা হইলেও আজ পর্যন্ত একজনও হিন্দু ধর্ম কিংবা খৃষ্টান ধর্মের শিক্ষক নিয়োগ করা হয় নাই। সম্প্রতি সরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের জন্য প্রচারিত বিজ্ঞপ্তিতেও ইসলাম ধর্মের শিক্ষক নিয়োগের কথা উল্লেখ থাকিলেও হিন্দু ধর্ম ও খৃষ্টান ধর্মের শিক্ষক নিয়োগের কথা উল্লেখ করা হয় নাই।

এদিকে হিন্দু ধর্ম ও খৃষ্টান ধর্মের ক্লাস শিক্ষকের অভাবে নেওয়া সম্ভব হইতেছে না। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি এবং প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সনির্বন্ধ আবেদন জানাইতেছি।

**নহুষ চন্দ্র হাজং,**
সুসং দূর্গাপুর,
নেত্রকোনা।